

- নতুন মাছ বা পোনা ছাড়ার আগে আলাদাভাবে কোয়ারেন্টাইন বা পর্যবেক্ষণে রাখুন।
- রোগের লক্ষণ দেখা দিলে আক্রান্ত পোনা দ্রুত আলাদা করুন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
- অতিরিক্ত খাদ্য না দেওয়া, নিয়মিত পানি পরীক্ষা করা এবং সারের ব্যবহার নিয়ন্ত্রণে রাখা রোগ প্রতিরোধে সহায়ক।

৩. ধানিপোনা আহরণ

- নার্সারি পুকুরে ৩ সপ্তাহ পালনের পর দেশীয় প্রজাতির ছোট মাছের রেণুপোনাগুলি ধানিপোনায় পরিণত হয়।
- পরজীবী সংক্রমণ, রোগ বিস্তার এবং মৃত্যুহার রোধে ৩ সপ্তাহের মধ্যে ধানিপোনা সংগ্রহ করা জরুরি। এই সময়ে ধানিপোনাগুলি জুপ্লাকটন সম্পূর্ণভাবে খেয়ে ফেলে, তাই পুনরায় দ্রুত ঘনত্ব বৃদ্ধি সম্ভব হয় না।
- তিন সপ্তাহ পরে ধানিপোনা সংগ্রহ করে চাষের পুকুরে ৫০,০০০-১,০০,০০০/হেক্টর ঘনত্বে মজুদ করুন।

৪. ধানিপোনা প্যাকেজিং ও পরিবহন

- পলিথিন ব্যাগের এক-তৃতীয়াংশ পানি ভরে ধানিপোনা ছাড়ুন এবং উপরের ফাঁকা অংশে অক্সিজেন ভরে মুখ শক্তভাবে বন্ধ করুন।
- দীর্ঘ দূরত্বে পরিবহনের সময় ব্যাগটি মজবুত কার্টন বা বস্তার ভেতরে রাখুন।
- সঠিক অক্সিজেন প্যাকেজিংয়ে সামান্য ঠান্ডা পানিতে ১০ লিটার পানিতে ১,০০০-১,৫০০টি ধানিপোনা প্রায় ২৪ ঘণ্টা পর্যন্ত নিরাপদে পরিবহন করা যায়।



দেশীয় প্রজাতির ছোট মাছের নার্সারি ব্যবস্থাপনা ও জৈব নিরাপত্তা নির্দেশিকা

ডিসক্লেইমার (Disclaimer)

এই প্রকাশনাটি CGIAR Scaling for Impact (S4I) প্রোগ্রামের আওতায় প্রস্তুত করা হয়েছে এবং এটি পিয়ার রিভিউ করা হয়নি। এখানে উল্লিখিত মতামতসমূহ সম্পূর্ণরূপে লেখক বা লেখকদের নিজস্ব এবং তা CGIAR এর উদ্যোগসমূহ, দাতা সংস্থা বা অংশীদার প্রতিষ্ঠানের নীতি বা মতামতের প্রতিফলন নয়।

এই প্রকাশনাটি Creative Commons Attribution 4.0 International License (CC BY 4.0)-এর অধীনে ব্যবহারের জন্য অনুমোদিত।

বিস্তারিত যোগাযোগ

ওয়ার্ল্ডফিশ বাংলাদেশ

বাড়ি ৩ (ফ্ল্যাট এ৪ এবং বি৪), সড়ক ১৩, গুলশান ১, ঢাকা ১২১২
ফোন : +৮৮০ ২ ৪১০৮ ০৩৭২, ৪১০৮ ০৬৭৩
ওয়েবসাইট : www.worldfishcenter.org

প্রস্তুতকরণ ও সম্পাদনা: ড. হযরত আলী, ওয়ার্ল্ডফিশ বাংলাদেশ

Suggested Citation: Ali, H. (2025). *Nursery management and biosecurity guidelines for small indigenous fish species (SIS)*. WorldFish. (Developed under the CGIAR Scaling for Impact Program)

মুদ্রণ: PATHWAY.com.bd



রেগুপোনা লালন-পালন করে মজুত পুকুরে ছাড়ার উপযোগী পোনা উৎপাদনের জন্য যে পুকুর ব্যবহার করা হয় তাকে নার্সারি পুকুর বলা হয়। নার্সারি পুকুরে দেশীয় ছোট মাছের (মলা, পুঁটি, টেংরা ইত্যাদি) রেগুপোনা কিছুদিন লালন-পালন করে পরে চাষের পুকুরে মজুদ করলে মাছের উৎপাদন আরও ভালো হয়।

১. নার্সারি পুকুর ব্যবস্থাপনা

১.১ রেগুপোনা মজুদপূর্ব ব্যবস্থাপনা

প্রথমে পুকুরটি সঠিকভাবে শুকাতে হবে। পুকুরের তলদেশ সমতল এবং ঢালু রাখতে হবে যাতে প্রয়োজনে পানি নিষ্কাশন করা যায়। নার্সারি পুকুর প্রস্তুতির সময় নিম্নের বিষয়গুলো খেয়াল রাখতে হবে:

- পানি প্রবেশের আগে ঘন ফাঁসের জাল দিয়ে পুকুর পাড়ে বেঁটনী দিন।
- নার্সারি পুকুরে প্রথমে ১ ফুট পরিমাণ গভীর নলকূপের পানি দিন।
- প্রতি শতাংশে ১ কেজি হারে চুন পুকুরের তলায় এবং পাড়ের ঢালে ছিটিয়ে দিন।
- চুন দেওয়ার ৪-৫ দিন পর প্রতি শতাংশে ইউরিয়া ১০০-১৫০ গ্রাম, টিএসপি ১০০-১৫০ গ্রাম এবং সরিষার খৈল ০.৫-১ কেজি প্রয়োগ করুন।

- ধীরে ধীরে পুকুরে ২ ফুট পর্যন্ত গভীর নলকূপের পানি প্রবেশ করান, নলকূপ না থাকলে ১০০-মাইক্রন জাল দিয়ে পানি ফিল্টার করে ব্যবহার করুন যাতে শিকারী পোকা বা মাছের পোনা প্রবেশ করতে না পারে।
- ছোট মাছের রেগুপোনা ছাড়ার আগে মশারি জাল দিয়ে শিকারী পোকা অপসারণ করুন।

১.২ রেগুপোনা মজুদ ব্যবস্থাপনা

- পুকুরে পানি ভরার তৃতীয় দিনে রেগুপোনা মজুদ করুন।
- প্রথমে রেগুপোনা সম্বন্ধ পলিব্যাগটি ১৫-২০ মিনিট পুকুরের পানিতে ভাসিয়ে তাপমাত্রা সমতা আনুন, তারপর ধীরে ধীরে পুকুরে ছাড়ুন।
- দেশীয় প্রজাতির ছোট মাছের রেগুপোনা ছাড়ার ঘনত্ব প্রতি হেক্টরে ২ মিলিয়ন বজায় রাখুন।
- পুকুরের গভীরতম অংশে সর্বাধিক ৪ ফুট পানি হওয়ার আগ পর্যন্ত প্রতিদিন ৫-৬ সেন্টিমিটার নতুন পানি যোগ করুন।

- ৫ দিন পর ডিম দেওয়া বন্ধ করুন, ফিশ মিল বা নার্সারি ফিড ব্যবহার করুন।
- ফাইটোপ্ল্যাঙ্কটনের ঘনত্ব অনুযায়ী প্রতি সপ্তাহে ইউরিয়া ৫০-৭৫ গ্রাম, টিএসপি ৫০-৭৫ গ্রাম এবং সরিষার খৈল ০.৫-১.০ কেজি/প্রতি শতাংশে প্রয়োগ করুন।



২. নার্সারি পুকুরে জৈব নিরাপত্তা

নার্সারি পুকুরে দেশীয় প্রজাতির ছোট মাছের পোনা সুস্থভাবে লালন-পালনের জন্য জৈব নিরাপত্তা বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

- পুকুরে প্রবেশের আগে হাত-পা ও ব্যবহৃত যন্ত্রপাতি ভালোভাবে পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।
- পুকুরের চারপাশে ঘন ফাঁসের জালের বেড়া বা বেঁটনী স্থাপন করুন যাতে, পাখি, ব্যাঙ ও অন্যান্য শিকারী প্রাণী প্রবেশ করতে না পারে।



১.৩ রেগুপোনা মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

- প্রতি ১,০০,০০০ পোনার জন্য ৩-৪টি ডিমের মাইক্রোএনক্যাপসুলেটেড খাদ্য দিনে ৪ বার ভাগ করে প্রয়োগ করুন।

